

শক্তি-সঞ্চার

তব, চরণ-নিমনে, উৎসবময়ী শ্যাম-ধরণী সরসা;
উদ্বেগ চাহ, অগণিত-মণি-রঞ্জিত-নভো-নীলাঙলা
সৌম্য-মধুর-দিব্যাঞ্জনা, শান্ত-কুশল-দরশা।
দূরে হের চন্দ্র-কিরণ-উদ্ভাসিত গঙ্গা,
নৃত্য-পুলক-গীতি-মুখর-কলুষহর-তরঙ্গা;
ধায় মত্ত-হরষে সাগরপদ-পরশে,
কূলে কূলে করি' পরিবেশণ মঞ্জলময় বরষা।
ফিরে দিশি দিশি মলয় মন্দ, কুসুম-গন্ধ বহিয়া,
আর্ষণরিমা-কীর্তিকাহিনী মুগ্ধ জগতে কহিয়া,
হাসিছে দিগ্ বালিকা, কঠে বিজয়মালিকা,
নবজীবন-পুষ্পবৃষ্টি করিছে পুণ্য-হরষা।
ঐ হের, দ্বিগুণ সবিভা উদিছে পূর্ব-গগনে।
কাতোঙ্কল কিরণ বিতরি', ডাকিছে সুপ্তি-মগনে।
নিদ্রালস-নয়নে, এখনো রবে কি শয়নে?
জাগাও, বিশ্ব-পুলক-পরশে, বক্ষে তরুণ ভরসা।